ইউনিয়ন পরিষদে সক্রিয় ও কার্যকর স্ট্যান্ডিং কমিটি ঃ ইস্যু, সমস্যা ও সমাধানের উপায়

২১ সেপ্টেম্বর ২০০৮

সহায়তায়

মানবাধিকার ও সুশাসন কার্যক্রম,ড্যানিডা

জনগনের দরবার প্রকল্প

ডেমক্রেসিওয়াচ

৭ সার্কিট হাউস রোড

রমনা ঢাকা-১০০০

ইউনিয়ন পরিষদের স্ট্যান্ডিং কমিটি কি?

- ইউপির কাজ সুষ্ঠুভাবে সম্পাদন, উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে স্থানীয় জণগনের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে স্ট্যান্ডিং কমিটি (স্থায়ী কমিটি) গঠন করা হয়।
- কমিটি গঠন করার ক্ষমতা ইউপি বা চেয়ারম্যানকে দেয়া হয়েছে।
- সাধারণত কোন নির্দিষ্ট কাজ সম্পাদনের জন্য স্ট্যান্ডিং কমিটি গঠিত হয় এবং কমিটি সে সমস্ত কাজগুলোর বিষয়ে মনোযোগ দেয়, যা ইউপির সাধারণ অধিবেশনে হয়ে উঠে না।
- এ কমিটি সমূহকে নির্দেশিত দায়িত্ব পালনের ক্ষেত্রে নিয়মিত সভায় মিলিত হতে হবে এবং সভার কার্যবিবরণীর রেকর্ড একটি রেজিষ্ট্রারে সংরক্ষন করা।
- ১৯৯০ এর ৩১ ডিসেম্বর ইউপি অর্ডিনেন্সে ৩৮ ধারায় স্ট্যান্ডিং কমিটি গঠন, উদ্দেশ্য ও পরিচালনা সম্পর্কে বলা হয়েছে। প্রতিটি ইউপির ১৩টি স্ট্যান্ডিং কমিটি হবে।

ইউপিতে কি কি ধরণের স্ট্যান্ডিং কমিটি থাকে

প্রতি বছর পরিষদের প্রথম সভায় ইউপির বিভিন্ন কাজের সুবিধার্থে স্ট্যান্ডিং কমিটি গঠন করে। প্রত্যেক ইউপিতে ১৩টি স্ট্যান্ডিং কমিটি থাকে। কমিটিগুলো নিম্নরূপ ঃ

১. অর্থ ও সংস্থাপন
২. শিক্ষা ও গণশিক্ষা
৩. স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও মহামারী নিয়ন্ত্রণ
৪. হিসাব ও নিরীক্ষা
৫. কৃষি ও অন্যান্য উন্নয়নমূলক কাজ
৬. সমাজ কল্যান ও কমিউনিটি সেন্টার
৭. কুটির শিল্প ও সমবায়
৮. আইন-শৃঙ্খলা
৯. নারী ও শিশু কল্যাণ বিষয়ক
১০. মৎস্য ও পশুপালন বিষয়ক
১১. বৃক্ষ রোপন
১২. ইউনিয়ন পরিষদের পল্লীপূর্ত কর্মসূচি
১৩. গ্রামীণ পানি সরবরাহ ও পয় নিষ্কাশন।

স্ট্যান্ডিং কমিটি গঠন প্রক্রিয়া

- ইউনিয়ন পরিষদ প্রত্যেক বছর তার প্রথম সভায় অথবা যথাশীঘ্রি যে কোন সভায় ১৩টি স্ট্যান্ডিং কমিটি গঠন করবে।
- জেলা প্রশাসকের পূর্ব অনুমোদন সাপেক্ষে ইউনিয়ন পরিষদ কোনো বিশেষ উদ্দেশ্যে বিধি দ্বারা নির্ধারিত পন্থায় অতিরিক্ত স্ট্যান্ডিং কমিটি গঠন করতে পারবে।
- প্রতিটি স্থায়ী কমিটি এর সদস্যদের মধ্য হতে একজন চেয়ারম্যান নির্বাচন করবে।
- নারী সদস্যগণকে (সংরক্ষিত) ২১-০৫-৯৮ ঘোষণা পত্রের নির্দেশানুযায়ী পাঁচটি অতিরিক্ত স্থায়ী কমিটির সঙ্গে সংশ্লিষ্ট করা হবে। (কমিটি সমূহের নাম ঃ ক. নারী ও শিশু কল্যাণ খ. মৎস্য ও পশু সম্পদ গ. বৃক্ষরোপন ঘ. ইউনিয়ন পূর্ত কর্মচারী ঙ. গণশিক্ষা)

চলমান ......

- একই সময়ে কোন সদস্য একের অধিক কোন কমিটির চেয়ারম্যান হতে পারবেন না।
- ইউপি যদি মনে করে যে কোন ব্যক্তির বিশেষ যোগ্যতা রয়েছে তবে তাকে ইউপি'র স্থায়ী কমিটির সদস্যপদ দান করতে পারে, তবে ঐ সদস্যের কোন ভোটাধিকার থাকবে না।
- স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-প্রজেই-৩/বিবিধ-১৪/২০০১/৮০১ তারিখঃ ১০.০৯.২০০২ এর প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদের স্থায়ী কমিটিগুলোর প্রতিটিতে মোট সংখ্যার এক তৃতীয়াংশ সদস্য হবে সংরক্ষিত আসনের সদস্য মহিলা সদস্য। মোট স্থায়ী কমিটির এক তৃতীয়াংশের চেয়ারম্যান হবেন সংরক্ষিত আসনের মহিলা সদস্য। তবে অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির চেয়ারম্যান হবেন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান।

স্ট্যান্ডিং কমিটি গঠনের গুরুত্ব

- কমিটি কোন নির্দিষ্ট কাজ সম্পাদনের জন্য গঠিত হয় বিধায় সে বিষয়ে বিশেষ মনোযোগ দিতে পারে, যা ইউনিয়ন পরিষদের সাধারণ সভায় সম্ভব হয়না বা যা ইউনিয়ন পরিষদে সাধারণ সভায় সিদ্ধান্ত নিতে সহায়তা করে।
- দলীয় আলোচনার মাধ্যমে কমিটির সদস্যগন তাদের অভিজ্ঞতা, ধারনা ও তথ্য বিনিময় করে সমস্যার গভীরে পৌছে অতি সহজে সমস্যা সমাধানের উপায় উদ্ভাবন করতে পারে।
- সিদ্ধান্ত গ্রহণে কমিটি সদস্যদের পরামর্শ বা মতামত আহবান করার মধ্য দিয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের গণতান্ত্রিক মনোভাবের বর্হিপ্রকাশ ঘটে এবং সিদ্ধান্ত গ্রহণে জনগণের অংশগ্রহন অনেকাংশে নিশ্চিত হয়।
- ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের কাজের চাপ লাঘব হয়, ফলে তিনি অন্যান্য গুরুত্বপূর্ণ কাজে বা বিষয়ে অধিকতর মনোযোগ ও সময় দিতে পারেন।

বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে বিদ্যমান সমস্যা

- সুনির্দিষ্ট কার্যাবলী ও বাজেট না থাকার কারণে কোন কমিটিই নিজের টাকা খরচ করে বিভিন্ন ধরণের সেবামূলক কাজগুলোর মনিটরিং করেন না। ফলে স্ট্যান্ডিং কমিটি অকার্যকর থেকে যাচ্ছে।
- ইউনিয়ন লেভেলে কর্মরত বিভিন্ন সরকারী কর্মচারীদের মনিটরিং এর দায়িত্ব ইউপি স্ট্যান্ডিং কমিটির হাতে না থাকায় তাদের কোন মনিটরিং হয় না ফলে তাদের কোন জবাবদিহিতা নেই।
- কোঅপ্টকৃত সদস্যের ভোটাধিকার না থাকায় ইউপি সদস্যরা তাদের ইচ্ছামত সবকিছু করতে পারে এখানে জনগণের মতের কোন প্রতিফলন দেখা যায় না।

চলমান ......

- স্ট্যান্ডিং কমিটির মেয়াদকাল ১ বছর হওয়ায় তারা কাজ বুঝে ওঠার আগেই তাদের মেয়াদ শেষ হয়ে যায়। ফলে কোন কাজ হয় না।
- ইউনিয়ন পরিষদের স্ট্যান্ডিং কমিটির বাৎসরিক পারফর্মেন্স ও তার রিপোর্ট জনগণ, সাংবাদিক ও সুশীল সমাজের ব্যক্তিবর্গের সামনে প্রকাশ না করার ফলে তাদের কোন জবাবদিহিতা নেই।
- নিয়মিত ভিত্তিতে সেবার মান সম্পর্কে প্রতিবেদন তৈরী করে ইউপির সহায়তায় জনসম্মুখে প্রকাশ করার বিধান না থাকায় স্ট্যান্ডিং কমিটি কার্যকর হয়ে ওঠেনি।

বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে বিদ্যমান সীমাবদ্ধতা

- বর্তমানে স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহে ১৩ টি স্ট্যান্ডিং কমিটি আছে কিন্তু বাস্তবে কমিটিগুলি নাম মাত্র গঠন করা হয়ে থাকে, যা কার্যকরী করার জন্য কোন অর্ডিনেন্স বা আইনে কমিটির কার্যক্রম সম্পর্কে পরিস্কার ধারণা দেওয়া হয়নি
- ইউপির স্ট্যান্ডিং কমিটির গঠন ও পরিচালনার জন্য নির্দিষ্ট কোন বাজেট নেই
- ইউপির স্ট্যান্ডিং কমিটিগুলোতে জনগণের পক্ষ থেকে মাত্র একজনের অংশগ্রহণের সুযোগ থাকলেও তার কোনো ভোটাধিকার নেই।
- অনেক ক্ষেত্রে সবার মতামতের সুযোগ নাই,

চলমান ......

- দু একটি ব্যতিক্রম থাকলেও অধিকাংশ ক্ষেত্রে চেয়ারম্যান একক সিদ্ধান্ত নিয়ে থাকেন
- স্ট্যান্ডিং কমিটির মেয়াদকাল নির্ধারণ করা নাই
- নিয়মিত সভা হয়না ফলে কার্যক্রম স্থবির থাকে
- নিয়মিত সভার কোন ডকুমেন্ট নেই
- স্ট্যান্ডিং কমিটির ভূমিকা ইউডিসিসি তে কি হবে তা স্পষ্ট নয়।

ডেমক্রেসিওয়াচের সুপারিশ

- আইনে বা অর্ডিনেন্সে সুনির্দিষ্ট ভাবে স্ট্যান্ডিং কমিটির কার্যাবলী সম্পর্কে পরিস্কার ধারণা দিতে হবে এবং প্রয়োজন অনুযায়ী বাজেট বরাদ্দ করতে হবে।
- ইউনিয়ন পরিষদের কর্মরত কর্মচারীদের কে তদারকি ও মনিটরিং এর দায়িত্ব স্ট্যান্ডিং কমিটির হাতেই ন্যস্ত করতে হবে।
- কোঅপ্টকৃত সদস্য সংখ্যা ১ থেকে ৩ এ উন্নিত করা এবং তাদের সুনির্দিষ্ট যোগ্যতা নির্ধারণ করা
- কোঅপ্টকৃত সদস্যদের ভোটাধিকার দিতে হবে।

চলমান ......

- স্ট্যান্ডিং কমিটির মেয়াদকাল হবে ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে ২ বৎসর ৬ মাস;
- ইউনিয়ন পরিষদের স্ট্যান্ডিং কমিটির বাৎসরিক পারফর্মেন্স ও তার রিপোর্ট জনগণ, সাংবাদিক ও সুশীল সমাজের ব্যক্তিবর্গের সামনে প্রকাশ করবে।
- ইউপি পর্যায়ে সেবা দানকারী প্রতিষ্ঠানগুলোকে নিয়মিত পর্যবেক্ষণ ও সুনির্দিষ্ট সেবার মান উন্নয়নে পরামর্শ/মতামত প্রদান করবে। এছাড়াও নিয়মিত ভিত্তিতে সেবার মান সম্পর্কে প্রতিবেদন তৈরী করে ইউপির সহায়তায় জনসম্মুখে প্রকাশ করবে।

ধন্যবাদ